দৈনিক সংবাদ

তারিখ ... FEB 16 2000 ... ...
পৃষ্ঠা ১২ কলাম ৪ ...

43

# শিক্ষানীতি বাতিলের দাবি

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট এবং ছাত্র ইউনিয়ন গত সোমবার শিক্ষানীতি বাতিলের দাবিতে সচিবালয় ঘেরাও করতে গেলে পুলিশ হাই কোর্টের সামনে বাধা দেয়। পুলিশি ব্যারিকেডের প্রতিবাদে এখানে অনুষ্ঠিত তাৎক্ষণিক সমাবেশে ছাত্র ফ্রন্ট নেতা নুরুল ইসলাম বলেন, ধনী-গরিব বৈষম্যের শামসুল হকের শিক্ষানীতি বাতিল করে অবিলম্বে সর্বজনীন, বিজ্ঞানভিত্তিক, সেক্যুলার শিক্ষানীতি প্রণয়ন করতে হবে। তিনি বলেন, ১৯৮৩ সালের এ দিনে স্বৈরাচার এরশাদের আমলে মজিদ খানের শিক্ষানীতি রুখতে এ জায়গায় পুলিশের গুলিতে জাফর, জয়নালসহ আরো অনেকে জীবন দিয়েছিল। বর্তমান সরকারও এরশাদ সরকারের পদাঙ্ক অনুসরণ করছে। ছাত্রসমাজ এ অন্যায় মেনে নেবে না।

সচিবালয় ঘেরাও মিছিল শুরুর পূর্বে ছাত্র ফ্রন্ট ডাকসু ভবনের সামনে এবং ছাত্র ইউনিয়ন অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করে। ছাত্রফ্রন্ট আগামী ৯ই এপ্রিল রোববার প্রধানমন্ত্রীর কার্যালয় ঘেরাও কর্মসূচি ঘোষণা করেছে।